

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

বিষয়: খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)’র বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে
০৬.০৮.২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মো: মামুনুর রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
তারিখ : ০৬.০৮.২০১৮ খ্রি.।
সময় : সকাল ১১ টা।
স্থান : সভাপতির কক্ষে।
উপস্থিত সদস্য : পরিশিষ্ট –ক।

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনার লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)’র ২০১৮-১৯ অর্থ বছরের ইনোভেশন কমিটির চিফ ইনোভেশন অফিসার জনাব মো: মামুনুর রশীদ, উপপরিচালক এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়।

২.০ আলোচনা:


২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে সরকার ও জনপ্রশাসনে উদ্ভাবন চর্চায় গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে সরকারী কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সক্ষমতা অর্জন ছাড়া বিকল্প কোন উপায় নেই। কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ বিষয়ে সচেতনতা তৈরি এবং প্রশিক্ষণের উপর গুরুত্ব প্রদান করা হয়। সভাপতি জানান যে, আপনাদের সার্বিক সহযোগিতায় গত অর্থ বছর ২০১৭-১৮ অর্থ বছরের উদ্ভাবনী পরিকল্পনাসমূহ সফলতার সাথে সম্পন্ন করা সম্ভব হয়েছে। এ জন্য সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করছি। সভায় জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা মোতাবেক সেবাগ্রহীতাদেরকে সহজে অধিকতর উন্নত সেবা প্রদানের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ সম্প্রসারণের নিমিত্ত নিম্ন লিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৩.০ সিদ্ধান্ত:

৩.১ সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) লোকাল এরিয়া নেটওয়ার্ক (LAN) স্থাপন।
(খ) দপ্তর প্রধানের কক্ষে একটি ড্যাশবোর্ড স্থাপন।
(গ) খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)’র নিজস্ব লোগো।
(ঘ) অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ চালুকরণ।

৪। সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: মামুনুর রশীদ)
উপপরিচালক


চিফ ইনোভেশন অফিসার।

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৫
০৬ আগস্ট ২০১৮

নং- ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২. ৬৭৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। কর্মকর্তা (সকল)..... খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা।
২। সংশ্লিষ্ট নথি।


(মো: মামুনুর রশীদ)
উপপরিচালক